

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩১৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

ٱلْفصلُ التَّنِفْ (بَابِ الرِّيَاءِ والسمعة)

### আরবী

عَن أبي سعد بن أبي فَضَالَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِذَا جَمَعَ اللَّهُ النَّاسَ يَوْمَ الْقِيَامَةِ لِيَوْمٍ لَا رَيْبَ فِيهِ نَادَى مُنَادٍ: مَنْ كَانَ أَشْرِكَ فِي عملٍ عملَه للَّهِ أحدا فَلْيَطْلُبْ ثَوَابَهُ مِنْ عِنْدِ غَيْرِ اللَّهِ فَإِنَّ اللَّهَ أَغْنَى الشُّرَكَاءِ عَنِ الشِّرْكِ . رَوَاهُ أَحْمَدُ

حسن ، رواه احمد (3 / 466 ح 15932) [و الترمذي (3154) و ابن ماجم (4203)

(حسن)

#### বাংলা

৫৩১৮-[৫] আবূ সাঈদ ইবনু আবূ ফাযালাহ্ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা কিয়ামতের দিন যখন মানুষদেরকে সমবেত করবেন, যেদিন সম্পর্কে সন্দেহের কোন সুযোগ নেই। সেদিন কোন এক ঘোষণাকারী ঘোষণা দেবে, যে ব্যক্তি আল্লাহর জন্য কোন 'আমল করতে অন্য কাউকেও অংশীদার বানিয়েছে, সে যেন আল্লাহ ছাড়া ঐ ব্যক্তির থেকেই তার প্রতিদান অম্বেষণ করে। কেননা আল্লাহ তা'আলা অংশীদার অংশীবাদ হতে সম্পূর্ণ মুক্ত। (আহমাদ)

## ফুটনোট

হাসান: মুসনাদে আহমাদ ১৫৮৭৬, তিরমিয়ী ৩১৫৪, ইবনু মাজাহ ৪২০৩, সহীহুল জামি ৪৮২, শুআবূল ঈমান ৬৮১৭, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮২২৭।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: (إِذَا جَمَعَ اللَّهُ النَّاسَ يَوْمَ الْقِيَامَةِ.) আল্লাহ তা'আলা যখন সমস্ত মানুষকে প্রতিদান দেয়ার জন্য হাশরের মাঠে জমা করবেন, যেদিনের ব্যাপারে কোন সন্দেহ নেই। তখন আল্লাহর পক্ষ থেকে নিযুক্ত একজন মালাক (ফেরেশতা) ঘোষণা করবেন: যে ব্যক্তি আল্লাহর জন্য করণীয় কোন কাজে আল্লাহর সাথে অন্য কাউকে শরীক করেছে সে যেন গায়রুল্লাহর নিকট থেকে এর সাওয়াব নেয়, কেননা আল্লাহ তা'আলা অংশীদারের অংশীদারিত্ব থেকে সম্পূর্ণ মুক্ত। অর্থাৎ তিনি শিরকযুক্ত 'আমল কবুল করেন না।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সাঈদ ইবনু আবূ ফাযালাহ্ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন